

# Prime Minister of Denmark calls on the President of India

October 09, 2021

## ভারতের রাষ্ট্রপতির সাথে ডেনমার্কের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

অক্টোবর 09, 2021

ডেনমার্ক রাজতন্ত্রের প্রধানমন্ত্রী হার এক্সেলেন্সি মাননীয়া মেতে ফ্রেডিকসেন, যিনি সকারি সফরে ভারতে ভ্রমণ করছেন, আজ (অক্টোবর 09, 2021) রাষ্ট্রপতি ভবনে গিয়ে ভারতের রাষ্ট্রপতি শ্রী রাআম নাথ কোবন্দের সাথে দেখা করেছেন। কোভিড-19 শুরু হবার পরে ডেনমার্ক রাজতন্ত্রের প্রধান মন্ত্রী হলেন প্রথম কোনও সরকারি স্তরের প্রধান ব্যক্তি যাকে রাষ্ট্রপতি অভ্যর্থনা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী এবং তার স্বামীকে ভারতে স্বাগত জানিয়ে, রাষ্ট্রপতি বলেছেন যে, ভারত এবং ডেনমার্কের মধ্যে মধ্যে বন্ধুত্ব দীর্ঘদিনের এবং উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ইতিহাস এবং সেই সাথে ভাগ করে নেওয়া মূল্যবোধ এবং আকাঙ্ক্ষার মধ্যে প্রাথিত। এমনকি ভারত এবং ডেনমার্কের মধ্যে অধুনা চালু হওয়া গ্রীন স্ট্র্যাটেজিক পার্টনারশিপ আমাদের সম্পর্ককে আরও শক্তিশালী করবে। তিনি আরাও যোগ করেছেন যে, ভারত ও ডেনমার্কের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগে দৃঢ় বন্ধন রয়েছে এবং উল্লেখ করেছেন যে, ভারতে মূল জাতীয় ব্রত যেমন মেক ইন ইন্ডিয়া, জল জীবন মিশন, স্মার্ট সিটি, ডিজিটাল ইন্ডিয়া, স্টার্ট-আপ ইন্ডিয়া, ক্লীন ইন্ডিয়া, ক্লীন গঙ্গা ইত্যাদিগুলি সামনের দিকে এগিয়ে নিয়ে যাবার জন্য ডেনমার্কের সরকারি ও বেসরকারি ক্ষেত্র গুলি ইতিমধ্যেই ভারতের বিভিন্ন রাজ্যে সক্রিয়ভাবে জড়িত রয়েছে।

রাষ্ট্রপতি মহামান্য, ডেনমার্ক রাজ্যের রাণী মার্গেথে II- কে আগামী বছর ভারত সফরের আমন্ত্রণ জানান, যা তার রাজত্বের সুবর্ণ জয়ন্তী এবং ভারতের স্বাধীনতার 75 বছরের গুরুত্বপূর্ণ উপলক্ষের সাথে মিলে যাবে। তিনি আরও বলেন, 1963 সালে ক্রাউন প্রিন্সেস হিসেবে মহামান্য, ডেনমার্কের রাণী মার্গেথে II-র ভারত সফর এখনও ভারতে উষ্ণভাবে স্মরণ করা হয়।

ভারতে কোভিড-19 মহামারীর দ্বিতীয় ঢেউয়ের সময় ডেনমার্কের সংহতি প্রকাশের জন্য রাষ্ট্রপতি হার এক্সেলেন্সিকে ও ডেনমার্কের সরকার এবং জনগণকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

নিউ দিল্লি

অক্টোবর 09, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.